# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ বনু মুসত্বালাক্ব যুদ্ধ বা গাযওয়ায়ে মুরাইসী’ (৫ম অথবা ৬ষ্ঠ হিজরী) (غَزْوَةُ بَنِيْ الْمُصْطَلِقِ أَوْ غَزْوَةُ الْمُرَيْسِيْعِ (في شعبان سنة ٥ أو ٦ هـ))

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

বনু মুসত্বালাক্ব গাযওয়ায় মুনাফিক্বদের কার্যকলাপ (دَوْرُ الْمُنَافِقِيْنَ فِيْ غَزْوَةِ بَنِيْ الْمُصْطَلِقِ):

যখন বনু মুসত্বালাক্ব যুদ্ধ সংঘটিত হয় এবং মুনাফিক্বগণও এতে অংশ গ্রহণ করে তখন তারা ঠিক তাই করেছিল নিম্নোক্ত আয়াতে আল্লাহ তা‘আলা যা বলেছেন,

(لَوْ خَرَجُوْا فِيْكُم مَّا زَادُوْكُمْ إِلاَّ خَبَالاً ولأَوْضَعُوْا خِلاَلَكُمْ يَبْغُوْنَكُمُ الْفِتْنَةَ) [التوبة : 47]

‘তারা যদি তোমাদের সঙ্গে বের হত তাহলে বিশৃংখলা ছাড়া আর কিছুই বাড়াত না আর তোমাদের মাঝে ফিতনা সৃষ্টির উদ্দেশে তোমাদের মাঝে ছুটাছুটি করত।’ [আত্-তাওবাহ (৯) : ৪৭]

অতএব, এ যুদ্ধে প্রতিহিংসা চরিতার্থ করার দুটি সুযোগ তাদের হাতে আসে। তার ফলশ্রুতিতে তারা মুসলিমগণের মধ্যে বিভিন্ন রকম চঞ্চলতা ও বিশৃঙ্খলা সৃষ্টি করে এবং রাসূলুল্লাহ (ﷺ)-এর বিরুদ্ধে নিকৃষ্টতম অপ-প্রচার চালাতে থাকে। তাদের প্রাপ্ত সুযোগ দুটির বিবরণ হচ্ছে যথাক্রমে নিম্নরূপ:

Source — https://www.hadithbd.com/books/link/?id=6301

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন